

বিষয়: সরাসরি নিয়োগযোগ্য বিভিন্ন পদে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাইয়ের লক্ষ্যে কমিটি গঠন প্রসঙ্গে।

২৫। নির্দেশক্রমে নথি উপস্থাপন করা হ'ল।

২৬। ঢাকা ওয়াসার সরাসরি নিয়োগযোগ্য নিম্নোক্ত পদে গত ২২/০৯/২০২৫ তারিখ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। নিয়োগ বিজ্ঞপ্তিসমূহ বহুল প্রচারিত তিনটি দৈনিক জাতীয় পত্রিকায় প্রকাশ করা হয়। এছাড়া উল্লিখিত পদের বিস্তারিত নিয়োগ বিজ্ঞপ্তি ঢাকা ওয়াসার ওয়েবসাইটেও প্রকাশিত হয় এবং আবেদন গ্রহণের সর্বশেষ তারিখ ছিল ২৬/১০/২০২৫। নির্ধারিত তারিখের মধ্যে অনলাইনের মাধ্যমে নিম্নোক্তভাবে আবেদনসমূহ পাওয়া যায়।

ক্রঃ নং	পদের নাম	আবেদনকারীর সংখ্যা
১.	প্রশিক্ষক (প্রকৌশল)	৪৪
২.	প্রশিক্ষক (কারিকুলাম)	১৪
৩.	প্রশিক্ষক (মূল্যায়ন)	৩০
৪.	সহকারী প্রকৌশলী	৩২২৭
৫.	সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (হার্ডওয়্যার)	৩৪১
৬.	হিসাবরক্ষণ কর্মকর্তা	৪৩৬
৭.	সহকারী পরিবেশবিদ	৩২৯
৮.	সহকারী হাইড্রোলজিস্ট	৪৭
৯.	সহকারী জনতথ্য কর্মকর্তা	৭২
১০.	রাজস্ব কর্মকর্তা	৪১৭
১১.	উপ-সহকারী প্রকৌশলী	৫২৯৬
১২.	এক্সিমেটর	৭৯৭
১৩.	হিসাবরক্ষক	২২৬
১৪.	সহকারী রসায়নবিদ	৬৮
১৫.	সহকারী রাজস্ব কর্মকর্তা	৭২৭
১৬.	সহকারী নিরাপত্তা ও গোয়েন্দা কর্মকর্তা	২২০
১৭.	ব্যক্তিগত সহকারী-কাম-কম্পিউটার অপারেটর	৭৬৮
১৮.	ল্যাবরেটরী টেকনিশিয়ান	১০১
১৯.	ল্যাবরেটরী সহকারী	৫৯২
২০.	উচ্চমান সহকারী	৫৪৩
২১.	বেঞ্চ সহকারী	৩৫৩
২২.	সহকারী ফোরম্যান তড়িৎ/যান্ত্রিক	২২১
২৩.	এল.ডি.এ-কাম-ক্যাশিয়ার	১২৫৭
২৪.	কোর্ট সহকারী	৯৪
২৫.	লিফট অপারেটর	৩৯
২৬.	চেইনম্যান	১৩২৬
২৭.	ভান্ডার সাহায্যকারী	৩১৩
	মোট আবেদন	১৭৮৯৮

২৭। গত ২৫/১১/২০২৫ তারিখে অনুষ্ঠিত ঢাকা ওয়াসার উচ্চতর সিলেকশন বোর্ড সভার আলোচ্যসূচি-৪ এ “প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী সরাসরি নিয়োগযোগ্য ২৭ টি পদে অন-লাইনে প্রাপ্ত আবেদনসমূহ আগামী ১৫/১২/২০২৫ তারিখের মধ্যে কমিটি কর্তৃক যাচাই বাছাই করতঃ ৩১/০১/২০২৬ তারিখের মধ্যে উল্লেখিত পদে চূড়ান্ত নিয়োগ দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়”। সে প্রেক্ষিতে উল্লেখিত পদে অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করা প্রয়োজন। আবেদনপত্র যাচাই বাছাই করার নিমিত্ত সংশ্লিষ্ট কাজে সার্বিক তত্ত্বাবধানের লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা যেতে পারে:

তত্ত্বাবধান কমিটির সদস্য:

- ১। উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), ঢাকা ওয়াসা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট, ঢাকা ওয়াসা।
- ৩। উপ-সচিব, প্রশাসন বিভাগ-১, ঢাকা ওয়াসা।

+

ঢাকা ওয়াসা

২৮। উল্লিখিত ২৭টি পদে মোট ১৭৮৯৮টি আবেদন যাচাই-বাছাই এর জন্য নিম্নবর্ণিত কর্মকর্তা/কর্মচারীর সমন্বয়ে পৃথকভাবে ১২টি যাচাই বাছাই কমিটি গঠন করা যেতে পারে :-

আবেদনপত্র যাচাই বাছাই কমিটি:

যাচাই বাছাই কমিটি-১:

- জনাব মো: আনিসুর রহমান পাটোয়ারী, উপ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব বিভাগ, ঢাকা ওয়াসা।
- জনাব মোঃ নিয়ামুল হক, হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃ দাঃ), হিসাব বিভাগ, ঢাকা ওয়াসা।

যাচাই বাছাই কমিটি-২:

- জনাব সঞ্জয় চন্দ্র তালুকদার, সহকারী প্রধান (পরিকল্পনা), পরিকল্পনা পরিবীক্ষণ ও মূল্যায়ণ বিভাগ, ঢাকা ওয়াসা।
- মোঃ আশরাফুল ইসলাম, ব্যক্তিগত সহকারী কাম কম্পিউটার অপারেটর, সচিবের দপ্তর, ঢাকা ওয়াসা।

যাচাই বাছাই কমিটি-৩:

- জনাব রাজেশ কুমার ধর, রক্ষণাবেক্ষণ প্রকৌশলী (হার্ডওয়্যার), ঢাকা ওয়াসা।
- জনাব মোঃ নাদিম-উল-হাসান, সহকারী প্রোগ্রামার, এমআইএস এন্ড বিলিং বিভাগ, ঢাকা ওয়াসা।

যাচাই বাছাই কমিটি-৪:

- জনাব মোঃ মোরশেদুল ইসলাম, সহকারী সচিব, কমন সার্ভিস বিভাগ, ঢাকা ওয়াসা।
- জনাব মোঃ ফায়সাল, সহকারী রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ), প্রশাসন বিভাগ-১, ঢাকা ওয়াসা।

যাচাই বাছাই কমিটি-৫:

- জনাব মোঃ মোখলেছুর রহমান, মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (নেটওয়ার্ক), ঢাকা ওয়াসা।
- জনাব মোঃ নূর-ই-আলম রিয়াদ, সহকারী প্রোগ্রামার, এমআইএস এন্ড বিলিং বিভাগ, ঢাকা ওয়াসা।

যাচাই বাছাই কমিটি-৬:

- জনাব শোভন চক্রবর্তী, অডিট অফিসার, অভ্যন্তরীণ অডিট বিভাগ, ঢাকা ওয়াসা।
- জনাব মো: সাকিব মুহতাদি, সহকারী প্রোগ্রামার, এমআইএস এন্ড বিলিং বিভাগ, ঢাকা ওয়াসা।

যাচাই বাছাই কমিটি-৭:

- জনাব মোঃ খবির হোসেন, সহকারী সচিব (চঃ দাঃ), পেনশন সেল, প্রশাসন বিভাগ-১, ঢাকা ওয়াসা।
- জনাব মোঃ শাহ আলী কামাল, ব্যক্তিগত সহকারী কাম কম্পিউটার অপারেটর, ঢাকা ওয়াসা।

যাচাই বাছাই কমিটি-৮:

- জনাব শাহনেওয়াজ পারভীন, সহকারী সচিব (চঃ দাঃ), শ্রম ও কল্যাণ বিভাগ, ঢাকা ওয়াসা।
- জনাব মোঃ আবু সাঈদ, অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর, শ্রম ও কল্যাণ বিভাগ, ঢাকা ওয়াসা।

যাচাই বাছাই কমিটি-৯:

- জনাব মোঃ রফিকুল ইসলাম, সহকারী সচিব, ভূমি বিভাগ, ঢাকা ওয়াসা।
- জনাব সাজেদা পারভীন, অফিস সুপারিনটেনডেন্ট, প্রশাসন বিভাগ-১, ঢাকা ওয়াসা।

যাচাই বাছাই কমিটি-১০:

- জনাব মোঃ শহিদুল হক, সহকারী সচিব (চঃ দাঃ), প্রশাসন বিভাগ-২, ঢাকা ওয়াসা।
- জনাব মোঃ আবু সাঈদ, কম্পিউটার অপারেটর, প্রশাসন বিভাগ-২, ঢাকা ওয়াসা।

যাচাই বাছাই কমিটি-১১:

- জনাব মোঃ শাহ আলম, যোগাযোগ কর্মকর্তা, কমন সার্ভিস বিভাগ, ঢাকা ওয়াসা।
- জনাব মোঃ সাইফুল ইসলাম, গবেষণা সহকারী, পরিকল্পনা পরিবীক্ষণ ও মূল্যায়ণ বিভাগ, ঢাকা ওয়াসা।

যাচাই বাছাই কমিটি-১২:

- জনাব মোঃ শহীদুল ইসলাম, প্রোগ্রামার, এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট, ঢাকা ওয়াসা।
- জনাব মোঃ এনামুল হাসান, সহকারী প্রোগ্রামার, এমআইএস এন্ড বিলিং বিভাগ, ঢাকা ওয়াসা।

বাছাই কমিটির কার্যপরিধি:

গঠিত কমিটি উল্লেখিত পদের সকল আবেদনপত্র যাচাই বাছাই করে সঠিক ও বাতিলের তালিকা (কারনসহ) প্রস্তুত করত: আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে প্রশাসন বিভাগ-১ এ জমা প্রদান করবেন।

২৯। উল্লেখিত পদের আবেদন যাচাই-বাছাইয়ের লক্ষ্যে অনুচ্ছেদ-২৭ এ গঠিত তত্ত্বাবধান কমিটির নিম্নোক্ত হারে সম্মানি নির্ধারণ করা যেতে পারেঃ

উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)	- ৬,০০০/-
সিনিয়র সিস্টেম এনালিস্ট	- ৫,০০০/-
উপ-সচিব, প্রশাসন বিভাগ-১	- ৪,০০০/-
মোট	- ১৫,০০০/-

৩০। উল্লেখিত ২৭টি পদে প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই বাছাইয়ের লক্ষ্যে পৃথকভাবে গঠিত ১২টি কমিটির মাধ্যমে ১৭৮৯৮ টি আবেদন যাচাই বাছাই করা যেতে পারে। এক্ষেত্রে, আবেদনপত্র বাছাইয়ের নিমিত্ত অস্থায়ীভাবে নিয়োজিত বাছাইকারীদেরকে প্রতিটি আবেদনপত্র যাচাই বাছাইয়ের ক্ষেত্রে ৫/- (পাঁচ) টাকা হারে পারিতোষিক প্রদানের বিষয়ে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের কর্তৃক একটি আদেশ রয়েছে (পতাকা-ক দ্রষ্টব্য)।

৩১। অনুচ্ছেদ-৩০ এর প্রেক্ষিতে সরাসরি নিয়োগের ২৭টি পদে অনলাইনে প্রাপ্ত ১৭৮৯৮টি আবেদন যাচাই বাছাইয়ের লক্ষ্যে গঠিত কমিটির কর্মকর্তা/সহযোগীদের অনুকূলে প্রতিটি আবেদনপত্রের জন্য ৫/- (পাঁচ) টাকা হারে মোট $(১৭৮৯৮ \times ৫) = ৮৯,৪৯০/-$ (উনানব্বই হাজার চারশত নব্বই) টাকা সম্মানী ভাতা প্রদান করা যেতে পারে।

৩২। এমতাবস্থায়, অনুচ্ছেদ-২৬-৩০ এর বর্ণনা মোতাবেক নিম্নোক্ত প্রস্তাব অনুমোদনের জন্য পেশ করা হলো:

ক) অনুচ্ছেদ-২৭ এ বর্ণিত সকল আবেদনপত্র যাচাই বাছাইয়ের লক্ষ্যে সার্বিক তত্ত্বাবধানের জন্য একটি তত্ত্বাবধান কমিটি গঠনের অনুমোদন দেয়া যেতে পারে।

খ) অনুচ্ছেদ-২৮ এ বর্ণিত আবেদনপত্র যাচাই বাছাইয়ের লক্ষ্যে পৃথকভাবে ১২টি যাচাই বাছাই কমিটি গঠনের অনুমোদন দেয়া যেতে পারে।

গ) অনুচ্ছেদ-২৭ ও ২৮ এর বর্ণনার আলোকে তত্ত্বাবধান কমিটির সম্মানী বাবদ ১৫,০০০/- টাকা এবং যাচাই বাছাই কমিটির সদস্যদের সম্মানী বাবদ ৮৯,৪৯০/- টাকা সহ সর্বমোট $(১৫,০০০ + ৮৯,৪৯০) = ১,০৪,৪৯০/-$ (এক লক্ষ চার হাজার চারশত নব্বই) টাকার অস্থায়ী অগ্রিম হিসেবে উপ-সচিব, প্রশাসন বিভাগ-১ এর অনুকূলে প্রদান করা যেতে পারে।

অনুচ্ছেদ-৩২ এর প্রস্তাব সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

৩০/১১/২৫

স্বাক্ষর
৩০/১১/২৫
সাক্ষরী পরিচালক
অফিস ইন্সপেক্টর জেনারেল
প্রশাসন বিভাগ-১, ঢাকা ওয়াসা।

স্বাক্ষর
৩০/১১/২৫
মোঃ হাফিজুল হক
সহকারী সচিব, প্রশাসন বিভাগ-১
ঢাকা ওয়াসা।

স্বাক্ষর
৩০.১১.২৫
মুহম্মদ মামুন মিয়া
উপ-সচিব
প্রশাসন বিভাগ-১
ঢাকা ওয়াসা।

৩০/১১/২৫
DMD (HR & Admin) Sir

৩০/১১/২৫
৩০/১১/২৫
ব্যবস্থাপনা পরিচালক
৩০/১১/২৫
আব্দুস সালাম ব্যাপারী